

৬৪

র কাম

তারিখ ... AUG 5 1999 ...  
 গু ৯ কাম ...

**আইডিয়াল (ডিগ্রি)**

**কলেজে অনিয়ম**

রাজধানীর সেন্ট্রাল রোডে অবস্থিত  
 ধানমন্ডি আইডিয়াল (ডিগ্রি) কলেজে  
 নানা অনিয়ম, অব্যবস্থা ও দুর্নীতির  
 কারণে ছাত্র-ছাত্রীদের শিক্ষা কার্যক্রম  
 মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আমি কিছু  
 অনিয়মের নমুনা এখানে তুলে ধরে  
 সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে এর প্রতিকার  
 দাবি করছি।

১. ভর্তির সময় কলেজ প্রসপেকটাসে  
 যেসব আকর্ষণীয় শর্ত দেওয়া  
 হয়েছিল তার একটিও পূরণ করা  
 হয়নি।
২. কলেজের ৭ ও ৮ তলা ভবনে  
 কোনো লিফট নেই।
৩. ক্লাস রুমগুলোতে এয়ারকুলার  
 লাগানোর জন্য শিক্ষার্থীদের কাছ  
 থেকে নিয়মিত চাঁদা নেওয়া হলেও  
 তা লাগানো হয়নি।
৪. প্রসপেকটাসে বেতন লেখা ছিল  
 মাসে ২০০ টাকা নেওয়া হচ্ছে  
 ২৫০ টাকা।
৫. সেমিস্টার পরীক্ষার ফি নেওয়া হয়  
 ২০০ টাকা যা দেশে সর্বোচ্চ।
৬. ভর্তির সময় বলা হয়েছিল  
 কম্পিউটার শেখানোর জন্য  
 ছাত্রদের কাছ থেকে কোনো টাকা  
 নেওয়া হবে না, কিন্তু আমাদের  
 কাছ থেকে প্রথম বর্ষে ২৫০০ এবং  
 দ্বিতীয় বর্ষে আরো ২৫০০ টাকা  
 নিয়েছে কলেজ কর্তৃপক্ষ। বলা  
 হয়েছিল ৭০টি ক্লাস হবে, হয়েছে  
 মাত্র ৪টি।
৭. অধ্যক্ষের উদ্বুদ্ধিতে কলেজের  
 দারোয়ান ছাত্রদের পেটানোর  
 দুঃসাহস দেখিয়েছে।
৮. কলেজের দারোয়ানরা প্রায়  
 প্রকাশ্যেই মদ, গাঁজা, হেরোইনসহ  
 বিভিন্ন মাদকদ্রব্য বিক্রি করছে, এ  
 ব্যাপারে একাধিকবার অধ্যক্ষের  
 কাছে প্রতিবাদ জানিয়ে কোনো  
 ফল পাওয়া যায়নি। এছাড়াও  
 কলেজে বহু অন্যান্য ও অনিয়ম  
 হচ্ছে। এ ব্যাপারে শিক্ষামন্ত্রীসহ  
 সংশ্লিষ্ট প্রশাসনের কাছে  
 প্রতিকারের দাবি জানাচ্ছি।

নির্দোষিত ছাত্রদের পক্ষে  
 শামসুল আলম ও জান্নাতুল আলম  
 ঢাকা।